



ঢাকসু নির্বাচন স্থগিতাদেশ নিয়ে আপিল বিভাগের চূড়ান্ত শুনানি আজ



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন স্থগিত করে দেওয়া হাইকোর্টের রায়ের বিরুদ্ধে দায়ের করা আবেদনের শুনানি আজ বুধবার (৩ সেপ্টেম্বর) আপিল বিভাগে অনুষ্ঠিত হবে। বেলা ১১টার পর প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে গঠিত পূর্ণাঙ্গ আপিল বেঞ্চ এ শুনানি শুরু করবেন। এর আগে মঙ্গলবার বিকেলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের করা আবেদন চেম্বার আদালত থেকে আপিল বিভাগে পাঠানো হয়। চেম্বার বিচারপতি ফারাহ মাহবুব এ আদেশ দেন। আদালতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে ছিলেন অ্যাডভোকেট মোহাম্মদ শিশির মনির, আর রিট আবেদনের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া। গত সোমবার বিকেলে হাইকোর্টের বিচারপতি হাবিবুল গণি ও বিচারপতি শেখ তাহসিন আলীর সম্মুখে গঠিত বেঞ্চ ডাকসু নির্বাচন ৩০ অক্টোবর পর্যন্ত স্থগিত রাখার নির্দেশ দেন। এস এম ফরহাদের প্রার্থিতা চ্যালেঞ্জ করে দায়ের করা একটি রিটের শুনানি শেষে এই নির্দেশ প্রধান করেন তারা। রিটটি দায়ের করেছিলেন বামজোট মনোনীত মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন বিষয়ক সম্পাদক প্রার্থী বিএম ফাহিমদা আলম। হাইকোর্ট রায়ে উল্লেখ করেন, এস এম ফরহাদের বিরুদ্ধে আনা অভিযোগগুলো আগামী ১৫ দিনের মধ্যে ডাকসুর নির্বাচনী ট্রাইব্যুনালে জমা দিতে হবে।

হাইকোর্টের আদেশের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইনজীবী শিশির মনির তাৎক্ষণিকভাবে চেম্বার আদালতে আবেদন করেন। সেদিনই চেম্বার আদালত হাইকোর্টের রায় সাময়িকভাবে স্থগিত রেখে বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ আপিল করার নির্দেশ দেন। এর প্রেক্ষিতে আজ আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ শুনানি অনুষ্ঠিত হতে যাচ্ছে।

উল্লেখ্য, গত ২৬ আগস্ট প্রকাশিত চূড়ান্ত তালিকা অনুযায়ী এবারের ডাকসু নির্বাচনে মোট ৪৭১ জন প্রার্থী ২৮টি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। সহ-সভাপতি (ভিপি) পদে রয়েছেন ৪৫ জন, সাধারণ সম্পাদক (জিএস) পদে ১৯ জন এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন ২৫ জন প্রার্থী। এছাড়া বিভিন্ন সম্পাদকীয় পদে উল্লেখযোগ্যসংখ্যক প্রার্থী অংশগ্রহণ করছেন। সবচেয়ে বেশি প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে সদস্য পদে, যেখানে মোট ২১৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।